

তোমার বৈশাখে ছিল প্রখর রৌদ্রের জ্বালা,
কখন বাদল আনে আষাঢ়ের পালা, হায় হায় হায় ।
কঠিন পাষাণে কেমনে গোপনে ছিল,
সহসা ঝরনা নামিল অক্ষুঢ়ালা, হায় হায় হায় ।
মৃগয়া করিতে বাহির হল যে বনে
মৃগী হয়ে শেষে এল কি অবলা বালা, হায় হায় হায় ।
যে ছিল আপন শক্তির অভিমানে
কার পায়ে আনে হার মানিবার ডালা, হায় হায় হায় ॥

Parjaay: Prem / Chitrangada, Taal: Rupak (3-4), Style: Kirtan
Visit www.geetabitan.com for notation and other detail